রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১, ২০১০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১০ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৬৬-আইন/আয়কর/২০১০।—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৭ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ/০১ জুলাই, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ১৮৭-আইন/২০০৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর—

(অ) অনুচ্ছেদ ১ এর দফা (১) নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১) প্রদেয় আয়করের হার হইবে নিম্নরূপ, যথা:-

ক্রমিক নং	গাড়ীর ধরণ	প্রদেয় আয়করের হার
(ক)	১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য	টাকা ৮,০০০.০০
(খ)	২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য	টাকা ১০,০০০.০০
(গ)	২০০০ সিসির উপরে প্রতিটি মোটরকার এর জন্য	টাকা ১৬,০০০.০০
(ঘ)	২৮০০ সিসি পর্যন্ত প্রতিটি জীপ এর জন্য	টাকা ১৪,০০০.০০
(ঙ)	২৮০০ সিসির উপরে প্রতিটি জীপ এর জন্য	টাকা ১৮,০০০.০০
(চ)	মাইক্রোবাস প্রতিটির জন্য	টাকা ৮,০০০.০০

";

মূল্য ঃ টাকা ২.০০

(আ) অনুচ্ছেদ ৪ নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৪। (ক) উক্ত Ordinance এর section 2 এর clause (46) অনুযায়ী 'person' এর অন্তর্ভুক্ত নহে এইরূপ প্রতিষ্ঠানের মালিকানাধীন মোটরকার, জীপ বা মাইক্রোবাস এর ক্ষেত্রে এই প্রজ্ঞাপন প্রযোজ্য হইবে না।

(খ) পাবলিক বিশ্ববিদ্যালয়, বিদেশী দূতাবাস, জাতিসংঘ ও উহার অঙ্গ সংগঠনসমূহের মালিকানাধীন মোটরকার, জীপ ও মাইক্রোবাস এর ক্ষেত্রে এই প্রজ্ঞাপন প্রযোজ্য হইবে না।" ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আমিনুর রহমান
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com